



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঝালকাঠি
food.jhalakathi.gov.bd
www.dgfood.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা ঝালকাঠি জেলার সকল চালকল, ময়দাকল, আমদানীকারক, পাইকারী এবং খুচরা ব্যবসায়ীদেরকে জানানো যাচ্ছে যে, সরকার খাদ্যশস্য মজুদ বিরোধী আইন পুনঃপ্রবর্তন সংক্রান্ত প্রজ্ঞাপন জারী পূর্বক **Control of Essential Commodities Act, 1956** এ প্রদত্ত ক্ষমতাবলে খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী ব্যবসার লাইসেন্স গ্রহণের বিষয়টি এসআরও নং- ১১২ ও ১১৩/২০১১ মূলে বাধ্যতামূলক করেছে। উক্ত আদেশ অনুযায়ী খাদ্য শস্যের পাইকারী ব্যবসায়ী ও খুচরা ব্যবসায়ী সরকার কর্তৃক প্রদত্ত লাইসেন্স ব্যতিরেকে ১(এক) মে.টনের বেশী খাদ্যশস্য/খাদ্যসামগ্রী মজুদ করে ব্যবসা পরিচালনা করতে পারবে না এবং ব্যবসায়ীদেরকে নির্ধারিত ফরমে পাক্ষিক মজুদ প্রতিবেদন দাখিল করতে হবে। ১(এক) মে.টনের অধিক খাদ্যশস্য মজুত করে লাইসেন্সবিহীন ব্যবসা করলে ৩(তিন) বছরের জেল বা জরিমানা বা উভয় দন্ড এবং মজুদ বিরোধী আইনে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড দেয়া যেতে পারে। এ প্রেক্ষাপটে সকল প্রকার ধান, চাল, গম, গমজাত দ্রব্যাদি, ভোজ্য তেল (সয়াবিন ও পামওয়েল), চিনি ও ডাল ব্যবসায়ীগণকে আগামী ৩০/১১/২০২০ খ্রি. তারিখের মধ্যে ফুডগ্রেইন লাইসেন্স গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতায় মোবাইল কোর্টের মাধ্যমে শাস্তি প্রদান করা হবে। দুই কপি ছবি ও ভোটার আইডি কার্ডের কপি জমা দিয়ে এবং চালানের মাধ্যমে লাইসেন্স ফি জমা দিয়ে তাৎক্ষণিকভাবে জেলা খাদ্য নিয়ন্ত্রক ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে ফুডগ্রেইন লাইসেন্স গ্রহণ করতে হবে।

মোহাম্মদ তানভীর হোসেন
জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝালকাঠি
ফোন : ০৪৯৮-৬৩২৫২
E-mail: dcf.jkt@dgfood.gov.bd